

রাবি শিক্ষার্থীদের পেটাতে চান ছাত্রদল নেতারা, পরিকল্পনা ফাঁস


রাবি প্রতিনিধি

০৫ মে, ২০২৫ ১৯:৫৮

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) শিক্ষার্থীদের 'বট বাহিনী' আখ্যা দিয়ে পেটানোর পরিকল্পনার অভিযোগ ওঠেছে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের কয়েকজন নেতাকর্মীর বিরুদ্ধে। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া 'রাবি

ছাত্রদল’ নামে একটি হোয়াটসঅ্যাপ গ্রুপের কথোপকথনের দুটি স্ক্রিনশট ঘিরে সৃষ্টি হয়েছে আলোচনা ও সমালোচনার।

ওই স্ক্রিনশটগুলোতে দেখা যায়, ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী একটি হোয়াটসঅ্যাপ গ্রুপে ‘বট বাহিনীর ছেলেগুলো’ বলে পেটানোর বিষয়ে আলোচনা করছেন।

স্ক্রিনশটে কথোপকথন করা ব্যক্তিরা হলেন- শাখা ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য মো. তুষার শেখ, বিহুত যুগ্ম আহ্বায়ক আহসান হাবীব ও কর্মী হাসিবুল ইসলাম হাসিব।

আরো পড়ুন



৪৪ তম বিসিএসের মৌখিক পরীক্ষার সময়সূচি প্রকাশ

স্ক্রিনশটে হাসিব লিখছেন, ‘আগামীকাল ক্যাম্পাসে আসেন এই বট বাহিনীর ছেলেগুলোকে চিহ্নিত করে দিন। এক শালাকেও ছাড় হবে না। ক্যাম্পাসের বাইরে বের হবে না? সবগুলারে একটা একটা করে ধরে ছিঁড়ে ফেলে দিবো।’

জবাবে তুষার শেখ লেখেন, ‘ক্যাম্পাসের বাইরে ভেতরে না মামা এদেরকে যেখানে পাওয়া যাবে সেখানেই পিটাতে হবে।

,

আহসান হাবীব লিখেছেন, ‘যাচাই-বাছাই ছাড়াই উদ্দেশ্যপ্রণোদিতভাবে সংগঠন ও ব্যক্তির বিরংদ্বে মানহানিকর ও মিথ্যা পোষ্ট অ্যাপ্রুভ করায় এদের বিরংদ্বেও মামলা করা যাবে।’

তবে পরের অন্য আরেকটা বার্তায় তিনি লিখেন, ‘কিন্তু বাদী হবে কে? এদের বিরংদ্বে মামলা করা মানে শিবিরের বিরংদ্বে মামলা করা।’

আরেকটি স্ক্রিনশটে দেখা যায় কথোপকথনের বার্তাগুলো মুছে ফেলা হয়েছে। তবে একটি বার্তায় তুষার শেখ লিখেছেন, ‘গায়ে হাত দেওয়া অন্যায় ঠিক।

কিন্তু এদেরকে পেটানো ছাড়া কোনোভাবেই সোজা করা সম্ভব নয়। এদেরকে পিটুনি দিলে সব ঠিক।’

সোমবার (৫ মে) সকাল থেকে ‘রাবি ছাত্রদল’ নামে একটি হোয়ার্টসঅ্যাপ গ্রুপের কথোপকথনের দুটি স্ক্রিনশট সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়ে। এ ঘটনার পর সাধারণ শিক্ষার্থীদের মধ্যে একধরনের আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে শাখা ছাত্রদলের আহ্বায়ক কমিটির সদস্য মো. তুষার শেখ বলেন, স্ক্রিনশটে কোথাও আমি সাধারণ শিক্ষার্থী লিখি নাই।

ওখানে বটবাহিনী বলতে যারা ফেসবুকে ছাত্রদল নিয়ে গুজব ও অপপ্রচার চালায় তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলেছি।

যুগ্ম আহ্বায়ক আহসান হাবীবকে একাধিক বার ফোন করা হলেও তার সঙ্গে যোগাযোগ করা সম্ভব হয়নি।

ছাত্রদল কর্মী হাসিবুল ইসলাম হাসিব বলেন, স্ক্রিনশটের হাসিব আমি। তবে আমি কোনো সাধারণ শিক্ষার্থীকে পেটানোর কথা বলিনি। ফেসবুকে অনেক একাউন্ট আছে যেগুলোর প্রোফাইল পিকচারেই ঠিক নেই। সেসব একাউন্ট থেকে প্রতিনিয়ত মিথ্যা পোষ্ট ও কমেন্ট করে ছাত্রদলের বিরুদ্ধে অপপ্রচার চালানো হচ্ছে। তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আমি পেটানোর কথা বলেছিলাম।

রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের আহ্বায়ক সুলতান আহমেদ রাহী মুঠোফোনে বলেন, এ বিষয়ে আমি অবগত নই। এমন যদি হয়েও থাকে, তবে সেই গ্রুপে সিনিয়র কোনো নেতৃত্ব নেই। কোনো কিছু বলা আর করা তো এক নয়। ওরা হয়তো কথার কথা বলেছে। তবুও কোনো ছাত্রদল নেতার এমন কিছু করার সুযোগ নেই।

অভিযোগের বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক নাসির উদীন নাসির বলেন, ‘এ রকম কোনো স্ক্রিনশট বের হয়েছে, এটা আমার জানা নেই। এ আসলেই ছাত্রদলের কারো কি না, সেই বিষয়টা নিয়েও সন্দেহ থেকে যায়। বিষয়টি সম্পর্কে আমার খোঁজ নিতে হবে। কেন্দ্রে থেকে আমানুল্লাহ আমান রাবি শাখার দায়িত্ব পালন করছেন আমরা তার সাথে আলোচনা করে বিষয়টির সত্যতা জানার চেষ্টা করব। এর আগে কোনো মন্তব্য আমি করতে পারব না।’